

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০০.০০৫.১৪.০০৩৫.২৬ - ১০৫৬


তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

বিষয় : সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প (১ম সংশোধিত)-এর অনুকূলে ডাইভিং লাইসেন্স ফি বাবদ বরাদ্দকৃত অর্থের হিসাব / তথ্যাদি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ীয় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ৬৪ জেলার বেকার যুবদের জন্য নির্ধারিত ৪০টি জেলা / কেন্দ্রের মাধ্যমে গাড়ি চালনা বিষয়ে ০১(এক) মাস মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষার্থীদের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) হতে পেশাদার লাইসেন্স প্রদান করা হয়। উক্ত পেশাদার লাইসেন্স ফি বাবদ প্রকল্প কার্যালয় হতে বরাদ্দ প্রদান করা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত সকল প্রশিক্ষার্থী এখনো পেশাদার লাইসেন্সপ্রাপ্ত হননি। যে সকল প্রশিক্ষার্থীগণ এখনো লাইসেন্স পাননি, তাদের অনুকূলে লাইসেন্স ফি বাবদ প্রদত্ত অর্থের হিসাব / তথ্যাদি নিম্নোক্ত ছকে প্রতিমাসে প্রধান কার্যালয়ে প্রেরণ করা আবশ্যিক:

ক্রমিক নং	ব্যাচ নং	অর্থবছর	প্রশিক্ষার্থীর সংখ্যা	লাইসেন্স ফি খাতে বরাদ্দ	প্রশিক্ষার্থীদের মধ্যে বিতরণকৃত লাইসেন্স ফি'র টাকার পরিমাণ (প্রমাণকসহ)	লাইসেন্স প্রাপ্তির সংখ্যা	অবিতরণকৃত লাইসেন্স ফি'র পরিমাণ	অবিতরণকৃত লাইসেন্স ফি সংরক্ষণের ব্যাংক হিসাবের শিরোনাম ও হিসাব নম্বর	মন্তব্য

বর্ণিতাবস্থায়, সমাপ্ত যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় গাড়ি চালনা বিষয়ে যে সকল প্রশিক্ষার্থীগণ এখনো লাইসেন্সপ্রাপ্ত হননি, তাদের অনুকূলে প্রদত্ত লাইসেন্স ফি বাবদ বরাদ্দকৃত অর্থের হিসাব / তথ্যাদি উপরোক্ত ছক মোতাবেক প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন : ২২৩৩৮৯৩৮৯।

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর


----- সংশ্লিষ্ট ৪০ জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০০.০০৫.১৪.০০৩৫.২৬ - ১০৫৬

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৮ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। পরিচালক(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।


(মোঃ শাহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।